



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৪৫.০০১.২০১৮/২৬৭

তারিখ ৩০ ফাল্গুন ১৪৩০ বাংলা  
২৬ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি:


**বিষয়ঃ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ে কর্মকর্তাগণের চাকরি স্থায়ীকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার (যারা ১৮৩ থেকে ১৮৮ নং ব্যাচ অথবা এর পূর্বে বুনিয়াদী প্রশিক্ষণ সম্পন্ন করেছেন) ও ২০০০ বিধিতে আত্মীকৃত প্রভাষক পর্যায়ে কর্মকর্তাগণের চাকরি স্থায়ীকরণের লক্ষ্যে নির্দিষ্ট তথ্য ছক (০২ কপি) ও নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন আগামী ০৭/০৩/২০২৪খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্মকর্তাকে দৃষ্টি আকর্ষণ করে ডাকযোগে অথবা সরাসরি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩০ নম্বর কক্ষে জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না।

**প্রয়োজনীয় কাগজপত্রাদি (নিম্নোক্ত ক্রমিক নং অনুযায়ী পাঠানোর অনুরোধসহ)**

- ১। প্রতিষ্ঠান প্রধানের অত্রায়নপত্র ( ১ কপি);
- ২। নিয়োগ প্রজ্ঞাপনের সত্যায়িত কপি ( জনপ্রশাসন মন্ত্রণালয়) (১ কপি);
- ৩। প্রথম পদায়নের সত্যায়িত কপি (শিক্ষা মন্ত্রণালয়) ( ১ কপি);
- ৪। প্রথম যোগদানের সত্যায়িত কপি ( আর্টিকেল-৪৭) ( ১ কপি);
- ৫। বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্রের সত্যায়িত কপি (১ কপি);
- ৬। বিভাগীয় পরীক্ষা পাসের গেজেটের সত্যায়িত কপি (১ কপি);
- ৭। বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনী সনদের সত্যায়িত কপি ( ১ কপি);
- ৮। বিভাগীয় মামলা নেই মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র ( ১ কপি);
- ৯। নিজ ক্যাডার আইডি নম্বর উল্লেখপূর্বক চাকরি স্থায়ীকরণ সংক্রান্ত নির্ধারিত সংযুক্ত তথ্যছক (২ কপি, পূরণকৃত);
- ১০। হালনাগাদ পিডিএস (১ কপি);
- ১১। প্রদর্শক হতে প্রভাষক পদে পদোন্নতি প্রাপ্ত প্রভাষকদের প্রদর্শক হিসেবে নিয়োগের প্রথম নিয়োগপত্র ( ১ কপি);
- ১২। এডহক নিয়োগের কপি (২০০০ বিধিতে আত্মীকৃত শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য);
- ১৩। চাকরি নিয়মিতকরণ আদেশের কপি (২০০০ বিধিতে আত্মীকৃত শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য);

[বি: দ্র: অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে প্রেরিত চাকরি স্থায়ীকরণ সংক্রান্ত আবেদন বিবেচিত হবে না এবং কোন প্রকারের তথ্য গোপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা নিজে দায়ী থাকবেন।]

  
প্রফেসর মো: ওয়াহিদুজ্জামান-৩৯২৪  
উপ-পরিচালক (কলেজ-১)  
ফোন: ৪১০৫০৬২০।

**বিতরণ**

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/এনসিটিবি/সকল বোর্ড/ডিআইএ/নায়ম/এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিসের প্রভাষক পর্যায়ে কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। সংরক্ষণ নথি।